দৈনিক সংবাদ

তারিখ ২৯/৮/৯১
পৃষ্ঠা ১ ... কলাম ৮

72

119

পরিবেশ পরিষদের সভা

# ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে আলোচনা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের সভায় অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে আলোচনা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ছাড়া

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃপৃঃ ১২ কঃ ১

## ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ খুলে দেয়ার ব্যাপারে আলোচনা

(১ম পাতার পর)

ক্যাম্পাসে সক্রিয় অধিকাংশ ছাত্র সংগঠনই আলোচনায় অংশ নেয়।

উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়। তবে খোলার তারিখ নির্ধারণ করার সময় উপ-নির্বাচনের তারিখ বিবেচনায় রাখার জন্যে এবং ক্যাম্পাসে নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্যে সিন্ডিকেটের প্রতি আহ্বান জানানো হয়।

সভায় আলোচনায় অংশগ্রহণকারী ছাত্র-শিক্ষক সকলেই একমত পোষণ করেন যে, শিক্ষাঙ্গনে সন্ত্রাসের ধরন ও চরিত্র রাজনৈতিক। একই সাথে বক্তারা যেকোন মূল্যে শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় গৃহীত সিদ্ধান্তে অস্ত্রধারীদের প্রশ্রয় না দেয়ার জন্যে রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানানো হয়। সেই সাথে তাদের কাছ থেকে এই মর্মে প্রতিশ্রুতি দাবী করা হয় যে কোন অস্ত্রধারীকে গ্রেফতার করা হলে কোন রাজনৈতিক দল তার পক্ষ নেবে না।